দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# খুলনার শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত হচ্ছে নিরাপত্তা কমিটি

■ খুলনা অফিস

দেশের বিভিন্ন স্থানে জঙ্গি ও সন্ত্রাসী হামলার প্রেক্ষিতে খুলনার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে 'আইন শৃঙ্খলা ও নিরাপত্তা কমিটি' গঠনের নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর খুলনা অঞ্চলের উপ-পরিচালক টিএম জাকির হোসেন জানান, মহানগরীতে ১০২টি মাধ্যমিক বিদ্যালয়সহ জেলায় প্রায় ৫শ' বিদ্যালয় রয়েছে। ইতোমধ্যেই অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে এ কমিটি গঠন করা হয়েছে। অন্যগুলোতে কমিটি গঠনের প্রক্রিয়া চলছে।

খুলনা জিলা স্কুলের প্রধান শিক্ষক মো. আরিফুল ইসলাম জানান, বিদ্যালয়ে দুটি শিফটে ৩ হাজার ৭৭ জন শিক্ষার্থী রয়েছে। তাদের নিরাপত্তা জন্য স্কুলের দুইটি শিফটেই পৃথক 'আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা কমিটি' করা হয়েছে। প্রাতঃবিভাগে বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. আব্দুল খালেককে আহ্বায়ক এবং দিবা বিভাগে সহকারী শিক্ষক হেমন্ত কুমার ঘোষকে আহ্বায়ক করে ১২ সদস্যের কমিটি করা হয়েছে। এই কমিটিকে শিক্ষার্থীদের মাঝে জঙ্গি বিরোধী সচেতনতা সৃষ্টিতে কাজ করতে বলা হয়েছে।

খুলনা পাবলিক কলেজের অধ্যক্ষ লে. কর্নেল মো. জাহাঙ্গীর আলম জানান, প্রতিষ্ঠানের সহযোগী অধ্যাপক মো. তাসীন কাদিরকে আহ্বায়ক করে ৯ সদস্য বিশিষ্ট কমিটি করা হয়েছে। এ কমিটিকে ১২টি দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করা হয়েছে। এরমধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, সার্বক্ষণিকভাবে প্রতিষ্ঠানের নিরাপত্তা পরিস্থিতি পর্যবেক্ষণ, ১৫ দিনে একবার কমিটির সভা আহ্বান, ছাত্রদের মধ্যে ধর্মীয় বা সামাজিক উগ্রপন্থা সম্পর্কিত প্রবণতা রোধ, সুন্দর ও সুশৃঙ্খল জীবনের জন্য প্রেরণা দেয়া, সন্দেহভাজন ছাত্রদের গতিবিধি পর্যবেক্ষণ এবং ছাত্ররা যেন প্রতিষ্ঠানে মোবাইল ফোন বা অন্যকোনো ইলেক্ট্রনিক্স ডিভাইস না আনে সেজন্য ব্যবস্থা নেয়া অন্যতম।